

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৩১

-এ,

তারিখঃ- ২২/০১/২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নবর্ণিত কর্মচারীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬০০০-৩৮৬৪০/- টাকার (১০ম গ্রেড) স্কেলে অস্থায়ীভাবে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কমিশনার অফ এফিডেভিট পদে পদোন্নতিমূলে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	নাম ও বর্তমান পদবী	পদোন্নতিপ্রাপ্ত পদের নাম
১.	জনাব মোঃ মশিউর রহমান, অনুবাদক	কমিশনার অফ এফিডেভিট

- ০২। তার উক্ত পদোন্নতির ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি-৬ (১) (খ) ও (২) (খ) এর নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে :
- (ক) সংশ্লিষ্ট কর্মকর্তা নিয়োগের তারিখ হতে ০১(এক) বছর শিক্ষানবিস হিসেবে থাকবেন। তবে কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করতঃ শিক্ষানবিস-এর মেয়াদ দুই বৎসর পর্যন্ত বর্ধিত করতে পারবেন।
- (খ) শিক্ষানবিসকালে তার কাজকর্ম ও আচরণ যদি কর্তৃপক্ষ অসন্তোষজনক অথবা তার দক্ষতা অর্জন করতে পারবেন না বলে মনে করেন তবে শিক্ষানবিসকাল শেষ হবার পূর্বেই যে পদ হতে পদোন্নতি প্রাপ্ত হয়েছেন সে পদে প্রত্যর্পন করাতে পারবেন।
- ০৩। এ পদোন্নতির আদেশ তার কাজে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাক্ষর

(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)
রেজিস্ট্রার

স্মারক নং-১ই-২৫৫/২০০৭-৭৩১

- এ,

তারিখঃ ২২/০১/২০২৫ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ-

১. রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ উহার ৫ কপি অত্র কোর্টের প্রশাসন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সি.জি.এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৭. একান্ত সচিব টু রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. হিসাবরক্ষণ কর্মকর্তা-১, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯. জনাব মোঃ মশিউর রহমান, অনুবাদক, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. হিসাব রক্ষক (বাজেট) হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার)
ফোনঃ ০২২২৩৩৮১৮৬৫।